



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০১৫.২১.৫৩১

তারিখ: ১ কার্তিক ১৪২৮

১৭ অক্টোবর ২০২১

বিষয়: বগুড়া জেলার কাহালু উপজেলার আজিজুল হক মেমোরিয়াল ডিগ্রি কলেজের অধ্যক্ষ জনাব মোঃ মোজাফ্ফর হোসেন এর ৩ মাসের বেতন কর্তন।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০১৯ (অংশ-১).৪৭; তারিখ-১০.০২.২০২১খি.

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০১৯ (অংশ-১).৪৭; তারিখ-১০.০২.২০২১খি. মোতাবেক গত ১২.০৬.২০১৮ তারিখে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ জারি করা হয়। উক্ত নীতিমালার ২৪(ঘ) ধারা নতুন বৃদ্ধিপ্রাপ্ত পদে নিয়োগের জন্য শিক্ষা মন্ত্রণালয় হতে পৃথক আদেশ জারি করার বিধান ছিল। শিক্ষা মন্ত্রণালয় হতে বৃদ্ধিপ্রাপ্ত নতুন পদে নিয়োগের জন্য পৃথক আদেশ জারির আগেই বগুড়া জেলার কাহালু উপজেলাধীন আজিজুল হক মেমোরিয়াল ডিগ্রি কলেজ হতে বৃদ্ধিপ্রাপ্ত নতুন পদকে শূণ্য পদ দেখিয়ে ২০১৯ সনের ২য় নিয়োগ চক্রের মাধ্যমে শিক্ষক নিয়োগের জন্য এনটিআরসিএতে ত্রুটিপূর্ণ চাহিদা প্রেরণ করা হয়। এনটিআরসিএ কর্তৃক মেধা তালিকায় উত্তীর্ণ হয়ে সুপারিশ পাওয়া সত্ত্বেও ত্রুটিপূর্ণ চাহিদার কারণে সুপারিশপ্রাপ্ত শিক্ষক এমপিওভুক্ত হতে পারেনি।

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮ ধারা অনুযায়ী বগুড়া জেলার কাহালু উপজেলার আজিজুল হক মেমোরিয়াল ডিগ্রি কলেজের অধ্যক্ষ জনাব মোঃ মোজাফ্ফর হোসেন এর ০৩ (তিনি) মাসের বেতন ভাতার সরকারি অংশ কর্তন করার জন্য অনুরোধ করেন।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে অধ্যক্ষের নভেম্বর, ডিসেম্বর/২০২১ ও জানুয়ারি/২০২২ তিন মাসের এমপিও কর্তনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৭-১০-২০২১

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

উপপরিচালক

সাধারণ প্রশাসন শাখা

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

দৃষ্টি আকর্ষণঃ সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর


স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০১৫.২১.৫৩১/১

তারিখ: ১ কার্তিক ১৪২৮

১৭ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জনাব মোঃ মোজাফ্ফর হোসেন, অধ্যক্ষ, আজিজুল হক মেমোরিয়াল ডিগ্রি কলেজ, বগুড়া।



১৭-১০-২০২১

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক